



## বি-আর পাওয়ারজেন লিঃ (বিআরপিএল)

বাড়ী # ৩৯, রোড # ১২

সেক্টর # ৪, উত্তরা, ঢাকা।

দরপত্র দলিল

ভাড়ায় সিএনজি চালিত গাড়ী (কার) সরবরাহ

”বি-আর পাওয়ারজেন লিঃ- এ সার্বক্ষনিক ব্যবহারের জন্য ভাড়ায় সিএনজি চালিত  
এয়ারকন্ডিশন ২(দুই)টি গাড়ী (কার) সরবরাহের লক্ষ্যে সীল মোহরকৃত দরপত্র আহবান”

দরপত্র নং- পিইউআর-০০১/২০১৭(RFQ)

স্মারক নং- ২৭.৩১.০০০০.৫০০.৫১.০০২.১৭.১৩৪৩

তারিখঃ ২৩/১২/২০১৭ইং

ডিসেম্বর -২০১৭ইং

## বি-আর পাওয়ারজেন লিমিটেড (বিআরপিএল)

বাড়ী # ৩৯, রোড # ১২  
সেক্টর # ৪, উত্তরা, ঢাকা।

### ভাড়ায় সিএনজি চালিত কার সরবরাহের দরপত্রের শর্তাবলী :

০১। কাজের বর্ণনা :

"বি-আর পাওয়ারজেন লিঃ এ ব্যবহারের জন্য সিএনজি চালিত ০২(দুই) টি কার ০১ (এক) বছর সময়কালের জন্য ভাড়া প্রদান। ভাড়ার মেয়াদ কম/বেশি হতে পারে।

০২। দরপত্রে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

ক) যোগ্যতাঃ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কমপক্ষে ০২(দুই) বৎসর ভাড়ায় গাড়ী সরবরাহের ব্যবসায় নিয়োজিত থাকিতে হইবে।

খ) অভিজ্ঞতাঃ

দরপত্রে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানকে ভাড়ায় গাড়ী সরবরাহের ন্যূনতম ০১ (এক) টি কার্যাদেশ থাকিতে হইবে।

০৩। দরপত্রে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানসমূহকে দরপত্র দাখিলের সময় নিম্নবর্ণিত দলিল/সনদপত্রের সত্যায়িত কপি দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

খ) TIN সনদপত্র;

গ) ক্রমিক নং-০২(ক) এবং ০২(খ) এর স্বপক্ষে প্রয়োজনীয় দলিল/সনদপত্র।

০৪। দরপত্র জমা প্রদানের নিয়মাবলীঃ

বিআরপিএল এর কর্তৃক সরবরাহকৃত দলিল পূরন করত অনুচ্ছেদ ০৩ এ উল্লেখিত কাগজপত্র অত্র তফসিল সংযুক্ত ফরমেট অনুযায়ী যথাযথভাবে পূরনকৃত আর্থিক প্রস্তাব দর একটি সীলগালাকৃত খামে জমা দিতে হইবে।

০৫। দরপত্র জমা প্রদানের স্থান, তারিখ ও সময়ঃ

বি-আর পাওয়ারজেন লিঃ এর সদর দপ্তর

বাড়ী # ৩৯, রোড # ১২

সেক্টর # ৪, উত্তরা মডেল টাউন, ঢাকা।

দরপত্র জমা প্রদানের সময়ঃ ০৩/০১/২০১৮ইং। সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

০৬। দরপত্র উন্মুক্ত করনঃ

দরপত্র জন সম্মুখে উন্মুক্ত করা হবে না।

৩০২০১৮

